

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/২৩৭৬


তারিখ

১২ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬১০ তম কমিশন সভা অদ্য ২৭/০৮/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. First Security Islami Bank Limited এর ৪৫০ কোটি টাকার Mudaraba Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Non-listed, Fully Redeemable Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, ইস্যুরেপ কোম্পানীসমূহ, কর্পোরেট হাউজ, অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানীসমূহ, মিউচুয়াল ফান্ড এবং যে কোন যোগ্য সাধারণ বিনিয়োগকারীগণ প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, First Security Islami Bank Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Tier-II Capital Base এর শর্ত পূরণ করবে। উক্ত বন্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা। বন্ডটির Trustee হিসেবে Green Delta Insurance Company Limited দায়িত্ব পালন করছে।
২. সভায়, Bashundhara Paper Mills Limited কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিল্ডিং সম্পাদনের মাধ্যমে ইস্যু মূল্যে (cut-off price) নির্ধারণের অনুমোদন প্রদান করা হয়েছে। আলোচ্য কোম্পানীটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ২০০.০০ (দুই শত) কোটি টাকা মূলধন সংগ্রহ করবে এবং উক্ত অর্থ যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ এবং আইপিও খরচ মেটানোর জন্যে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু (রিভ্যালুয়েশন রিজার্ভসহ) ৩০.৪৯ টাকা ও শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু (রিভ্যালুয়েশন রিজার্ভ ছাড়া) ১৫.৭৯ টাকা এবং শেয়ার প্রতি আয় ১.৪৬ টাকা (Weighted average)। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AAA Finance & Investment Limited।
৩. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর পরিদর্শন দলের প্রতিবেদনে Harun Securities Limited (DSE TREC # 5) এর Consolidated Customer Account এ ঘাটতি পরিলক্ষিত হওয়ায় Securities and Exchange Rules, 1987 এর Rule 8A এর Sub-rule (1) এবং (2) ভঙ্গ হয়েছে। এছাড়া Harun Securities Limited তাঁদের গ্রাহকদেরকে নগদ হিসাবে ঋণ সুবিধা প্রদান করে Margin Rules, 1999 এর Rule 3 এর Sub-rule (1) ও (2) ভঙ্গ করেছে। উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য কমিশন আজকের সভায় Harun Securities Limited কে ২(দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত হয়।


২৭/০৮/২০১৭

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।